

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২২৪৯

১২/ ব্যবসা-বাণিজ্য (كتاب التجارات)

পরিচ্ছেদঃ ১২/৪৬. বন্দীদের পরস্পর থেকে বিচ্ছিন্ন করা নিষেধ।

بَابِ النَّهْيِ عَنْ التَّفْرِيقِ بَيْنَ السَّبْيِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يَحْيَى، حَدَّثَنَا عَفَّانُ، عَنْ حَمَّادِ، أَنْبَأَنَا الْحَجَّاجُ، عَنِ الْحَكَمِ، عَنْ مَيْمُونِ بُنِ أَبِي شَبِيبٍ، عَنْ عَلِيّ، قَالَ وَهَبَ لِي رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ غُلاَمَيْنِ أَبِي شَبِيبٍ، عَنْ عَلِيّ، قَالَ وَهَبَ لِي رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ غُلاَمَيْنِ أَخُويْنِ فَبِعْتُ أَحَدَهُمَا قَالَ " رُدَّهُ " . أَخُويْنِ فَبِعْتُ أَحَدَهُمَا قَالَ " رُدَّهُ " .

বাংলা

২/২২৪৯। আলী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে দু'টি গোলাম দান করেন, যারা ছিল পরস্পর সহাদের ভাই। আমি তাদের একজনকে বিক্রয় করলাম। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে জিজ্ঞেস করেনঃ তুমি গোলাম দু'টি কী করলে? আমি বললাম, আমি তাদের একজনকে বিক্রয় করেছি। তিনি বলেনঃ তাকে ফেরত আনো।

English

It was narrated that 'Ali said:

"The Messenger of Allah (ﷺ) gave me two slaves who were brothers, and I sold one of them. He said: 'What happened with the two slaves?' I said: 'I sold one of them.' He said: 'Take him back."'

ফুটনোট

তিরমিয়ী ১২৮৪, মিশকাত ৩৩৬২, সহিহ আবু দাউদ ২৪১৫।

তাহকীক আলবানীঃ হাদিসটি সহীহ তবে সানাদ যইফ বা দুর্বল। উক্ত হাদিসের রাবী হাজ্জাজ বিন আরতা সম্পর্কে আবু আহমাদ আল-হাকিম বলেন, তিনি আহলে ইলমের নিকট নির্ভরযোগ্য নয়। আবু বকর আল বায়হাকী বলেন, তার হাদিস দ্বারা দলীল গ্রহনযোগ্য নয়, অন্যত্র তিনি তাকে দুর্বল বলেছেন। আবু যুরআহ আর-রাযী বলেন, তিনি



সত্যবাদী তবে হাদিস বর্ণনায় তাদলীস করেন। মুহাম্মাদ বিন সা'দ তাকে দুর্বল বলেছেন। আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী বলেন, তিনি দুর্বল তার হাদিস দ্বারা দলীল গ্রহনযোগ্য নয়। (তাহযীবুল কামালঃ রাবী নং ১১১২, ৫/৪২০ নং পৃষ্ঠা) ২. মায়মুন বিন আবু শাবীব সম্পর্কে ইমাম যাহাবী বলেন, তিনি সত্যবাদী। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় অধিক ইরসাল করেন। ইয়াহইয়া বিন মাঈন বলেন, তিনি দুর্বল। আবু দাউদ ও আবু হাতিম বলেন, তিনি আলী (রাঃ) এর সাক্ষাৎ পাননি এরপরও তিনি আন আন সুত্রে হাদিস বর্ণনা করেছেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৬৩৩৫, ২৯/২০৬ নং পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন